দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

037

তারিখ 0 1 DEC 1988
পৃষ্ঠা ১ কলাম ২

# ৩৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানে ত্রাণশিবির ছিল ॥ আজ ক্লাস শুরু হচ্ছে একশ'র কিছু বেশী

(নিজস্ব বার্তা পরিবেশক)

মাসখানেক বন্ধ থাকার পর সরকারী নির্দেশ অনুযায়ী, আজ শনিবার ঢাকা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলো খোলার কথা। কিন্তু অধিকাংশ ছাত্র-ছাত্রী আজ থেকে আনুষ্ঠানিক লেখাপড়া শুরু করতে পারবে না।

গতরাতে বিভিন্ন সরকারী সূত্রে প্রাপ্ত হিসেব অনুযায়ী ঢাকার ৬২৯টি প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজের মধ্যে ৩৩৫ টিতে ত্রাণ শিবির ছিল। এর মধ্যে এক শ'র কিছু বেশী শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস শুরু করা সম্ভব হবে।

এদিকে রাজধানীতে গতকাল শুক্রবার একদিনে ৩৫টি ত্রাণ শিবির বন্ধ করে দেয়া হয়েছে। পৌর কর্পোরেশনের নিয়ন্ত্রণ কক্ষের হিসেবে এখন ৩৫০টি শিবিরে ৮ লাখ ১৩ হাজার ৭৫৫ জন আশ্রিত রয়েছে। গতকাল বন্ধ করে দেয়া ত্রাণ শিবিরগুলোর মধ্যে রয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, পগোজ স্কুল, বাংলাবাজার উচ্চ বালিকা বিদ্যালয়, ইষ্টবেঙ্গল ইন্সটিটিউশন, গেণ্ডারিয়া উচ্চ বিদ্যালয়, ফজলুল হক মহিলা কলেজ, ফরিদাবাদ উচ্চ বিদ্যালয় ইত্যাদি।

গতকাল সন্ধ্যায় দমকল বাহিনীর সাথে যোগাযোগ করে জানা গেছে কয়েকটি শিক্ষালয় পরিষ্কারের অনুরোধ পাওয়া গেছে।

উচ্চ শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালকের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, গত ২৬শে সেপ্টেম্বরের হিসেব অনুযায়ী ঢাকার ২৯০টি উচ্চ বিদ্যালয়, কলেজ, মাদ্রাসার মধ্যে

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস আবার শুরু হচ্ছে। বন্যাজনিত কারণে গত ২রা সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের ক্লাস এবং পরীক্ষা প্রথমে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত এবং পরে তা বাড়িয়ে ২৯শে সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত রাখা হয়েছিল।